এ সকল আয়াতে স্পষ্টভাবে বলা হয়েছে যে, আল্লাহ (সুব.) কাউকে আগাম সতর্ক না করে শাস্তি প্রদান করেন না। তাই যাদের কাছে শরীয়তের হুজ্জাত পৌঁছে নাই তাদের কাছে হুজ্জাত পেশ করা জরুরী। তার পরে যদি তারা জেনে শুনে অস্বীকার করে অথবা মুখ ফিরিয়ে নেয় অথবা কটাক্ষ করে তাহলে সে অবশ্যই কাফের হবে এবং তাকে তাকফীর করতে হবে। এর অনেকগুলো দলিল রয়েছে। নিম্নে কয়েকটি দলিল পেশ করা হলো–

ক. মদ হারাম হওয়ার পর হালাল মনে করা:
এক ব্যক্তি রাসুলুল্লাহ (সা.) কে মদ হারাম হওয়ার বিধান নাযিল হওয়ার পরে মদ হাদিয়া হিসেবে পেশ করলো। এটা মারাত্মক অন্যায়। একদিকে আল্লাহর হারামকৃত বস্তুকে হালাল মনে করা হলো। অপরদিকে রাসূলুল্লাহ (সা.) কে হারাম জিনিস উপহার দেওয়া হলো। কিন্তু রাসূলুল্লাহ (সা.) তাকে তিরস্কার করলেন না। কেননা তার কাছে তখনো মদ হারাম হওয়ার বিষয়টি পৌঁছেছিলো না। (কাওয়ায়েদ ফীত তাকফির পৃ:৩৭)

খ. কিবলা পরিবর্তন হওয়া সত্ত্বেও বাইতুল মুকাদ্দাসের দিকে ফিরে সালাত আদায় করা:
কিবলা পরিবর্তনের আয়াত নাযিল হওয়ার পরেও কতিপয় লোক বাইতুল মুকাদ্দাসের দিকে ফিরে সালাত আদায় করছিলো। অথচ এটি একটি বড় ধরণের অন্যায়। কিবলা পরিবর্তনের বিধান নাযিল হওয়ার পরেও বাইতুল মুকাদ্দাসের দিকে ফিরে সালাত আদায় করা আল্লাহর বিধানকে অস্বীকার করার সমতুল্য। কিন্তু যেহেতু তারা কিবলা পরিবর্তনের বিষয়টি জানতো না সে কারণে তাদের মাজুর হিসেবে নির্দোষ আখ্যায়িত করা হলো। এ সম্পর্কে হাদীসে বর্ণিত হয়েছে–

'আনাস (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) মদীনায় হিজরত করার পরে বাইতুল মুকাদ্দাসের দিকে ফিরে সালাত আদায় করতেন। ১৬ মাস অথবা ১৭ মাস এভাবে আদায় করার পরে পবিত্র কুরআনের এই আয়াত নাযিল হলো 'আকাশের দিকে বার বার তোমার মুখ ফিরানো আমি অবশ্যই দেখছি। অতএব আমি অবশ্যই তোমাকে এমন কিবলার দিকে ফিরাব, যা তুমি পছন্দ কর। সুতরাং তোমার চেহারা মাসজিদুল হারামের দিকে ফিরাও এবং তোমরা যেখানেই থাক, তার দিকেই তোমাদের চেহারা ফিরাও।' (বাকারা ২:১৪৪) অতঃপর বনু সালেমা গোত্রের এক ব্যাক্তি দেখতে পেলো লোকেরা ফজরের সালাতে বাইতুল মুকাদ্দাসের দিকে এক রাকাআত আদায় করে ফেলেছে। তখন তিনি ডাক দিলেন 'সাবধান, কিবলা পরিবর্তন হয়েছে। সাবধান, কিবলা পরিবর্তন হয়েছে।' তখন লোকেরা ঐ অবস্থায় বাইতুল মুকাদ্দাসের দিক থেকে ঘুরে কিবলার দিকে ফিরে গেলো।' (বুখারী ৭২৫২, মুসলিম ১২০৮, তিরমিযি ২৯৬২, আবু দাউদ ১০৪৭, মুসনাদে আহমাদ ১৪০৩৪)

গ. চার ব্যক্তির অভিযোগঃ

কেয়ামতের মাঠে আল্লাহ (সুব.) চার ব্যক্তির ওজর গ্রহণ করবেন এবং তাদের ওখানেই পরিক্ষা করার ব্যবস্থা করবেন। যেহেতু তাদের কাছে আল্লাহর নির্দেশ পৌঁছেনি অথবা পৌঁছালেও শুনতে পায়নি অথবা শুনলেও বুঝতে পারেনি। তাই তাদের সরাসরি জাহান্নামে শাস্তি না দিয়ে পরিক্ষাগ্রস্থ করা হবে। বিস্তারিত বিবরণ নিম্নের হাদীসে বর্ণিত হয়েছেঃ

'আসওয়াদ ইবনে সারী (রা.) বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ (সা.) ইরশাদ করেছেন- চার ব্যক্তি কিয়ামতের মাঠে আল্লাহর কাছে অভিযোগ দায়ের করবেন। একজন বধির যে কিছুই শুনতে পেতো না। দ্বিতীয় জন বোকা যার কোনো বিবেক-বুদ্ধি ছিলো না। তৃতীয় জন বৃদ্ধ যার কোনো

হিতাহিত জ্ঞান ছিল না। চতুর্থ জন যে ফাতরাতের সময় মৃত্যু বরণ করেছে। বধির বলবে, হে আল্লাহ! ইসলাম এসেছিল ঠিকই কিন্তু আমি কিছুই শুনতে পাইনি। আহমক, বৃদ্ধ ও অবুঝ শিশু বলবে, হে আল্লাহ! ইসলাম এসেছিল ঠিকই কিন্তু আমি কিছুই বুঝতে পারিনি। আর যে ব্যক্তি ফাতরাতের সময় মারা গেল সে বলবে, হে আল্লাহ! আমার কাছেতো তোমার কোনো রাসূল আসেনি। আল্লাহ (সুব.) তাদের থেকে অঙ্গিকার নিবেন, তোমরা কি আমার বিধান অবশ্যই পালন করতে? অতঃপর আল্লাহ (সুব.) তাদের জাহান্নামে প্রবেশ করার নির্দেশ দিয়ে লোক পাঠাবেন । যারা তার কথা শুনে জাহান্নামে প্রবেশ করবে তারা আল্লাহর আনুগত্যশীল বান্দা হিসেবে বিবেচিত হবে এবং জাহান্নামের আগুন তাদের জন্য ঠান্ডা ও আরামদায়ক হবে। আর যারা নির্দেশ অমান্য করে জাহান্নামে প্রবেশ করবে না তাদের আল্লাহর নাফরমান হিসেবে টেনে হিঁচড়ে জাহান্নামে নিক্ষেপ করা হবে।' (মুসনাদে আহমাদ ১৬৩০১

ঘ. আল্লাহর শাস্তি থেকে বাঁচার জন্য আগুনে পুড়িয়ে ছাই বানিয়ে উড়িয়ে দেওয়ার অসিয়াত।

এক ব্যক্তি সারা জীবন অসংখ্য অন্যায় ও পাপ করেছে। মৃত্যুর আগে তার ভয় হলো যদি আল্লাহ আমাকে ধরতে পারে তাহলে এমন শাস্তি দিবেন যা অন্য কাউকে দিবেন না। এ কারণে সে তার সন্তানদের অসিয়াত করলো যে, তোমরা আমার মৃত্যুর পরে আমাকে আগুনে পুড়িয়ে ছাই বানিয়ে ফেলবে। অতঃপর ছাইগুলোকে দু'ভাগ করে অর্ধেকটা বাতাসে উড়িয়ে দিবে অর্ধেকটা পানিতে মিলিয়ে দিবে। সন্তানরা তাই করলো। আল্লাহ (সুব.) বাতাসকে হুকুম দিবেন তুমি তোমার অংশ ফেরত দাও আর পানিকে হুকুম দিবেন তুমি তোমার অংশ ফিরত দাও। অতঃপর আল্লাহ (সুব.) তাকে জিজ্ঞাসা করবেন, তুমি এ কাজটি কেন করেছো? সে বলবে, আল্লাহ! আমি তোমার ভয়ে করেছি। আল্লাহ (সুব.) তাকে ক্ষমা করে দিবেন। অথচ, গভীর ভাবে চিন্তা করলে দেখা যায় এ লোকটি আল্লাহর ক্ষমতাকে অস্বীকার করেছে। কেননা তার বিশ্বাস এভাবে ছাই বানিয়ে গুড়িয়ে দিলে তাকে আল্লাহ (সুব.) আর ধরতে পারবেন না। অথচ এটি একটি সুস্পষ্ট কুফরী আক্বীদা। কিন্তু তার কাছে প্রয়োজনীয় এলমে শরয়ী না পৌছার কারণে এবং তার অজ্ঞতার কারণে। তার এই কুফরীর কারণে তাকে এই শাস্তি দেওয়া হয়নি। বিস্তারিত বিবরণ হাদীসে উল্লেখ রয়েছেঃ

‘আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) ইরশাদ করেছেন, জনৈক ব্যক্তি জীবনে কখনো কোনো ভাল কাজ করেনি (বরং পাপ করতে করতে সীমানা অতিক্রম করে ফেলেছিলো এবং নিজের উপরে জুলূম করেছিলো)। (যখন তার মৃত্যুর সময় ঘনিয়ে এলো তখন সে তার সন্তানদের অসিয়ত করলো, আমি যখন মরে যাব তখন তোমরা আমাকে আগুনে পুড়ে ফেলবে তারপর ছাইগুলো পিশে ফেলবে অতঃপর তোমরা অর্ধের ছাই বাতাসে উড়িয়ে দিবে আর অর্ধেক সমুদ্রে গুলিয়ে দিবে। কেননা আল্লাহর কসম! যদি আল্লাহ্ আমাকে ধরতে পারেন তাহলে এমন শাস্তি দিবেন যা অন্য কাউকে দিবেন না। (সন্তানরা তার মৃত্যুর পরে তার অসিয়ত অনুযায়ী কাজ করলো। আল্লাহ (সুব.) সমুদ্রকে নির্দেশ দিলে সমুদ্র তার ভিতরের অংশ জমা করে দিলো এবং স্থলকে নির্দেশ দিলে স্থল তার অংশ জমা করে দিলো। অতঃপর লোকটিকে জীবিত করে আল্লাহ (সুব.) জিজ্ঞাসা করলেন, তুমি কাজটি কেন করেছো? সে বলবে, আল্লাহ তুমি তো জান এটা আমি তোমার ভয়েই করেছি। আল্লাহ (সুব.) তাকে ক্ষমা করে দিবেন।’ (সহীহ বুখারী ৭৫০৬)

ইসলামের জ্ঞান অর্জণ করার সুযোগ থাকা সত্বেও অর্জণ না করলে অজ্ঞতার ওজর চলবে না।

পক্ষান্তরে যদি শরিয়তের ইলম কারো কাছে পৌঁছে যায় তার পরেও জেনে শুনে অস্বীকার করে তা গ্রহণযোগ্য হবে না। এ প্রসঙ্গে হাদীসে বর্ণিত হয়েছেঃ

- -

.

‘আবদুল্লাহ ইবনে অমর থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) যখন গনীমতের মাল পেতেন, তখন তিনি লোকদের মাঝে ঘোষণা দেওয়ার জন্য বিলাল (রা.) কে নির্দেশ দিতেন। তিনি লোকদের মাঝে ঘোষণা দিলে, লোকেরা তাদের প্রাপ্ত গণীমতের মাল নিয়ে তাঁর নিকট আসতো। তিনি তা থেকে এক-পঞ্চমাংশ বাদ নিয়ে, বাকী অংশ সকলের মাঝে ভাগ করে দিতেন। একবার জনৈক ব্যক্তি গণীমতের মাল বন্টনের মত একটা চুল বাঁধার ফিতে নিয়ে আসে এবং বলে, ইয়া রাসূলাল্লাহ! আমি এটি

গনীমতের মাল হিসাবে পেয়েছি। তখন তিনি বলেন, তুমি কি বিলাল (রা.) এর তিনটি ঘোষণা শুনেছিলে? সে বলে, হ্যাঁ! তখন তিনি বললেন, সে সময় কিসে তোমাকে এটি উপস্থিত করা থেকে বিরত রেখেছিল? তখন সে (লোকটি) তাঁর নিকট ক্ষমা প্রার্থণা করে। তখন তিনি বলেন: তুমি এভাবেই থাক! তুমি কিয়ামতের দিন তা নিয়ে আসবে এবং আমি তা তোমার থেকে কবূল করব না। (আবু দাউদ ২৭১৪)
চিন্তা করুন! কিভাবে রাসূলুল্লাহ (সা.) লোকটির ওজর গ্রহণ করলেন না। কেননা তার কাছে বেলালের ঘোষণা পৌঁছেছিল। এরকমই একটি বিষয় হাদীসে বর্ণিত হয়েছে:

- -

‘আবু হুরাইরা (রা.) থেকে বর্ণিত। নবী মুহাম্মদ (সা.) বলেন: সেই সত্তার শপথ! যাঁর হাতে আমি মুহাম্মদ রাসূলুল্লাহ (সা.) এর প্রাণ, বর্তমান মানবগোষ্ঠীর কোনো ইয়াহুদী বা নাসারা আমার আবির্ভাবের সংবাদ শুনার পর যে দ্বীন নিয়ে আমি প্রেরিত হয়েছি, তার প্রতি ঈমান না এনে মৃত্যু বরণ করলো সে নিশ্চিতই জাহান্নামীদের অন্তর্ভূক্ত হবে।’ (মুসলিম ৪০৩)
সতর্কতা: এতক্ষণ পর্যন্ত যা আলোচনা করা হলো তা ছিলো শরিয়তের বিধান সম্বলিত ইলম না পৌঁছার কারণে অজ্ঞতাবশত অন্যায় করে তাহলে শাস্তি হবে না। কিন্তু শরিয়তের ইলম পৌঁছার পরে অলসতা বশত বা গুরুত্ব না দেওয়ার কারণে যদি অজ্ঞ থাকে তা গ্রহণযোগ্য হবে না। পার্থিব ব্যাবসা-বানিজ্য, চাকরি-নকরি ও বাজার ঘাট করার জন্য সময় ব্যায় করতে পারলেও দ্বীনি ইলম অর্জণ করার জন্য সময় ব্যায় করতে রাজি নয়। এ কারণে যদি অজ্ঞ থাকে সেই অজ্ঞতার ফলে সে অন্যায় ও কুফরী কাজে লিপ্ত হয় তাহলে একদিকে যেমন অন্যায় ও কুফরীর গুনাহে গুনাহগার হবে অপর দিকে ইলমে দ্বীন অর্জণ করা ফরজ হওয়া সত্বেও তা না করার গুনাহে গুনাহগার হবে। এ প্রসঙ্গে পবিত্র কুরআনে বর্ণিত হয়েছে:

‘যারা দুনিয়ার জীবনকে আখিরাত থেকে অধিক পছন্দ করে, আর আল্লাহর পথে বাধা দেয় এবং তাতে বক্রতার সন্ধান করে; তারা ঘোরতর ভ্রষ্টতায় রয়েছে।’ (ইবরাহীহ ১৪:৩) অপর আয়াতে ইরশাদ হয়েছে:

-

-

‘এটা এ জন্য যে, তারা আখিরাতের তুলনায় দুনিয়ার জীবনকে পছন্দ করেছে। আর নিশ্চয় আল্লাহ কাফির কওমকে হিদায়াত করেন না। এরাই তারা, যাদের অন্তরসমূহ, শ্রবণ সমূহ ও দৃষ্টিসমূহের উপর আল্লাহ মোহর করে দিয়েছেন এবং তারাই হচ্ছে গাফেল। সন্দেহ নেই, তারাই আখিরাতে ক্ষতিগ্রস্ত।’ (নাহাল ১৬:১০৭-১০৯)

দুই :

কোনো আয়াত বা হাদীসের অর্থ বুঝতে ভুল করা অথবা গ্রহণযোগ্য ব্যাখ্যার অবকাশ থাকা।

‘লা ইলাহা ইল্লাল্লাহ’ এর সাক্ষ্য দেওয়ার পর যে সকল কারণে কুফুরী কাজ করা সত্ত্বেও কাফের হয় না তার মধ্যে আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো: কুরআনের কোনো আয়াত অথবা হাদীসকে ভূল বুঝা এবং সে ভূল বুঝার জন্য গ্রহণযোগ্য কারণ আছে এমনিভাবে কোনো আয়াতের বা হাদীসের ভূল তাবীল করার কারণে যে ভূল তাবীল করার গ্রহণযোগ্য কোনো কারণ আছে। হয়তো ঐ আয়াত বা হাদীসের আভিধানিক অর্থের কারণে ভূলবুঝা বা ব্যাখ্যা করার সুযোগ আছে। অথবা অন্য কোনো কারণে এই ভূল বুঝা বা ব্যাখ্যা কারা সুযোগ হয়েছে। নতুবা মনগড়া তাবীল বা ব্যাখ্যা এবং কুরআন ও হাদীসকে নিজেদের ইচছাম মতো ঘুরানো ফিরানো জায়েজ নেই। যেমন ভন্ড পীর-সূফীরা নিজেদের পক্ষে দলীল পেশ করার জন্য অপব্যাখ্য করে থাকে। এ জাতিয় অপব্যাখ্যা গ্রহণযোগ্য হওয়াতো দূরের কথা বরং কুরআন ও হাদীসের বিকৃতী ও মিথ্যা প্রতিপন্ন ও অস্বীকার করা ছাড়া কিছুই নয়। এ ধরণের অপব্যাখ্যাকারীদের জিন্দিক বলে আখ্যায়িত করা হয়।

কুরআন ও হাদীসের নসের ভিতরে তাবীলের অবকাশ থাকার কারণে যে ভূল হতে পারে তা কিছু দৃষ্টান্ত নিম্নে পেশ করা হলো:

ক. আদী ইবনে হাতেমের সাদা সুতা ও কালো সুতার ঘটনা।

'আদী (রা.) থেকে বর্নিত, তিনি (আদী) একটি সাদা ও একটি কালো সুতা সঙ্গে রাখলেন। কিছু রাত অতিবাহিত হলে খুলে দেখলেন কিন্তু তার কাছে সাদা কালোর কোনো ব্যবধান স্পষ্ট হলো না। যখন সকাল হলো তখন তিনি বললেন, ইয়া রাসূলাল্লাহ! আমি আমার বালিশের নিচে (সাদা ও কালো রংয়ের দুটি সুতা) রেখেছিলাম এবং তিনি রাতের ঘটনাটি উল্লেখ করলেন। তখন নবী (সা.) বললেন, তোমার বালিশ তাহলে বেশ চওড়া ছিল, যদি কালো ও সাদা সুতো তোমার বালিশের নিচে থেকে থাকে।'
(বোখারী ৪৫০৯; মুসলিম ২৫৮৫)
এ হাদীসে দেখা যায়, সাহাবী আদী ইবনে হাতেম (রা.) সুবহে সাদেকের পরেও খাওয়া-দাওয়া করেছেন আয়াতের অর্থ ভূল বুঝার কারণে। রাসূলুল্লাহ (সা.) তাকে আয়াতের সঠিক অর্থ শিক্ষা দিলেন। কিন্তু তাকে উক্ত সওম কাজা করতে বলেননি। কেননা এখানে আয়াতের শব্দের মধ্যে তার এই ভূল বুঝার অবকাশ ছিল। সে কারণে তার ওজর গ্রহণ করা হয়েছে।

খ. আসমা বিনতে উমাইস (রা.) এর ইসতেহাজার কারণে সালাত আদায় না করা।

» - - .

'আসমা বিনতে উমায়েস (রা.) থেকে বর্ণিত তিনি বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল! ফাতেমা বিনতে আবী হুবাইশ অনেক দিন থেকে ইসতিহাজায় আক্রান্ত। এ সময়ে সে কোনো সালাত আদায় করেনি। রাসূলুল্লাহ (সা.) বললেন, সুবহানাল্লাহ! এটা হয় শয়তানের পক্ষ থেকে। (তার করণিয় হলো) সে একটি পানির গামলায় বসবে। যদি পানির উপর রক্তের আভাস দেখে তাহলে জোহর ও আসরের জন একবার গোসল করবে, মাগরীর ও ইশার জন্য একবার এবং ফজরের জন্য একবার গোসল করবে। আর এর মাধ্যবর্তী সময়ে (যতবার ইচ্ছা) অজু করতে পারবে।' (আবু দাউদ ২৯৬)
এই হাদীসে দেখা যায়, ফাতেমা বিনতে আবী হুবাইশ ইসতিহাজা অবস্থায় সালাত আদায় করেননি। অথচ সালাত ত্যাগ করা গুনাহে কাবীরা। তা সত্ত্বেও আল্লাহর রাসূল (সা.) তাকে মাসআলা শিক্ষা দিলেন

আর কোনো তিরস্কার করলেন না। এমনকি উক্ত সালাতগুলো কাজা করতেও বলেননি।

কেননা তার এই সালাত ত্যাগ করা ইচ্ছাকৃত ছিলো না। বরং হায়েজ অবস্থায় সালাত আদায় করা থেকে নিষেধাজ্ঞামূলক হাদীসগুলোর কারনেই সালাত ত্যাগ করেছিলো। কিন্তু পরে যখন জানতে পারলেন হায়েজ আর ইস্তেহাজা এক নয় বরং ইস্তিহাজা অবস্থায় সালাত আদায় করতে হবে তখন তিনি তা মেনে নিলেন।

গ. ‘তোমরা তোমাদের নিজেদেরকে ধ্বংসের দিকে ঠেলে দিও না’ এ আয়াতের ভুল ব্যাখ্যা। এ আয়াতে মূলত জিহাদ ত্যাগ করে পার্থিব ধন-সম্পদ ও ব্যাবসা-বানিজ্যে লিপ্ত হয়ে যাওয়াকে আত্মঘাতী বা নিজেদেরকে ধ্বংসের দিকে ঠেলে দেওয়াকে বুঝানো হয়েছে। কিন্তু একদল মানুষ আয়াতের উদ্দেশ্যের সম্পূর্ণ পরিপন্থি জিহাদ থেকে বিরত থাকার ভূল ব্যাখ্যা করে নিজেরা এবং অন্যদেরকে জিহাদ থেকে বিরত রাখার জন্য এ আয়াত দিয়ে দলীল পেশ করে। বিশেষ করে যারা জীবনের ঝুকি নিয়ে নিশ্চিত মৃত্যু জেনেও শত্রুদের ভিতরে ঢুকে পরে এবং বর্তমানে যারা কাফেরদের উপর আত্মঘাতী হামলা চালিয়ে কাফেরদের ব্যাপক ক্ষয়-ক্ষতি করছে তাদেরকে বিরত রাখার চেষ্টা করে। এ জন্য আবু আইয়ুব আনসারী (রা.) তাদের ভূল ব্যাখ্যা সংশোধণ করে দিলেন। হাদীসের বিস্ত ারিত আলোচনা নিম্নে পেশ করা হলো:

:

. :

:

) :

(

.

‘আসলাম আবূ ইমরান থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা মদীনা হতে কুস্তনতুনিয়া (ইস্তাম্বুল) অভিমুখে যুদ্ধ-যাত্রা করলাম। আমাদের সেনাপতি ছিলেন খালিদ ইবনে ওয়ালীদের পুত্র আবদুর রাহমান। রোমের সৈন্যবাহিনী ইস্তাম্বুল শহরের দেওয়ালে পিঠ লাগিয়ে যুদ্ধের জন্য দণ্ডায়মান ছিল। এমতাবস্থায় একব্যক্তি শত্রু-সৈন্যের উপর অক্রমন করে বলল। তখন আমাদের লোকজন বলে উঠল, থাম, থাম, লা ইলাহা ইল্লাল্লাহ, সে তো নিজেকে ধ্বংসের দিকে নিজেকে ঠেলে দিচ্ছে। তখন আবূ আইয়ূব আনসারী (রা.) বলেন, (অনুচ্ছেদে বর্ণিত) এ আয়াত

আমাদের আনসার সম্প্রদায় সম্পর্কে অবতীর্ণ হয়েছিল। যখন আল্লাহর নবীকে আল্লাহ সাহায্য করলেন এবং ইসলামকে জয়যুক্ত করলেন, তখন আমরা বলেছিলাম, আমরা যুদ্ধে না গিয়ে ঘরে থেকে আমাদের সহায়-সম্পদ দেখাশুনা করব এবং সংস্কার সাধন করব। তখন আল্লাহ এ আয়াত নাযিল করেন: আর তোমরা আল্লাহর রাস্তায় ব্যয় কর এবং নিজেদেরকে ধ্বংসের দিকে ঠেলে দিও না।' (আবু দাউদ ২৫১৪, বায়হাকী ১৮৬৫৯)

লোকেরা এ আয়াতের ভুল ব্যখ্যা করলো এবং কোনো ব্যক্তির একাকী নিজেকে কাফের সৈনিকদের ভিতরে প্রবেশ করায় তার বিরুদ্ধে প্রয়োগ করলো এবং এটাকে আত্মঘাতি বলে আখ্যায়িত করলো। আর এর মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ হালাল কাজ বরং জিহাদের ময়দানে নিজেকে উৎসর্গ করার কাজকে হারাম বলে ঘোষণা করলো। এর একমাত্র কারণ ছিলো আয়াতের অর্থ ভুল বোঝা এবং ভুল ব্যাখ্যা করা। পরে আবু আইউব আনসারী (রা.) তাদের ভুল সংশোধন করে দিলেন এবং তিনি জানিয়ে দিলেন তারা যে অর্থ করেছে সে অর্থে কুরআনের আয়াত নাযিল হয়নি। বরং এ আয়াত নাযিল হয়েছিলো ঐ সকল লোকদের ব্যাপারে যারা জিহাদে না গিয়ে ব্যবসা-বাণিজ্য ও ধনসম্পদ বৃদ্ধির পিছনে লেগেছিলো। এখানে জিহাদ না করাকে আত্মঘাতী ও নিজেদেরকে ধ্বংসের হাতে ঠেলে দেওয়া বলা হয়েছে। অথচ ঐ লোকগুলো সম্পূর্ণ উল্টো ব্যাখ্যা করেছিলো। যে ব্যক্তি নিজের ধন-সম্পদ, ব্যবসা-বাণিজ্য সবকিছুর মায়া ত্যাগ করে নিশ্চিত মৃত্যু জেনেও দুশমনদের ভিড়ের ভিতরে ঢুকে পড়লো তাকেই আয়াতের ভুল ব্যাখ্যা করে জিহাদের ময়দান থেকে বিরত রাখার চেষ্টা করা হলো। এত বড় ভূল করা সত্ত্বেও রাসুলুল্লাহ (সা.) কোনো তিরস্কার করলেন না। কেননা আয়াত থেকে এই ভুল ব্যাখ্যা করা ও ভুল বুঝার অবকাশ ছিলো। কিন্তু ভুল সংশোধন করে দেওয়ার পরেও যদি কেউ ভুল বুঝতে না চায় বরং অস্বীকার করে তাহলে তার কাফের হওয়ার ব্যাপারে কোনো সন্দেহ নেই।

ঘ. 'হে মুমিনগণ, তোমাদের উপর তোমাদের নিজেদের দায়িত্ব। যদি তোমরা সঠিক পথে থাক তাহলে যে পথভ্রষ্ট হয়েছে সে তোমাদের ক্ষতি করতে পারবে না।' (মায়েদা ৫:১০৫) এই আয়াতের ভূল ব্যাখ্যা।

কতিপয় লোকেরা উপরোক্ত আয়াতের ভূল ব্যাখ্যা করে এবং আয়াতকে যথাস্থান থেকে বিকৃত করে অপাত্রে ব্যাবহার করেছে এবং এর মাধ্যমে লোকদেরকে 'আমর বিল মা'রুফ-নাহী 'আনিল মুনকার' ত্যাগ করে নির্জনে খানকায় বা মসজিদে বসে ইবাদত করার জন্য উদ্বুদ্ধ করতে

লাগলো। তখন আবু বকর সিদ্দীক (রা.) হামদ ও সানা পাঠ করে ভাষণ দিলেন এবং বললেন:

)

- (

» -

‘হে লোক সকল তোমরা এই আয়াত পাঠ করে থাক ‘হে মুমিনগণ, তোমাদের উপর তোমাদের নিজেদের দায়িত্ব। যদি তোমরা সঠিক পথে থাক তাহলে যে পথভ্রষ্ট হয়েছে সে তোমাদের ক্ষতি করতে পারবে না’। কিন্তু তোমরা যথাস্থান বাদ দিয়ে অনত্রে প্রয়োগ করো। অথচ খালেদ ইবনে ওলীদ (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ (সা.) কে বলতে শুনেছি, যখন লোকেরা কোনো জালেমকে জুলুম করতে দেখে কিন্তু তাকে বাঁধা দেয় না তখন আল্লাহ (সুব.) তাদের সকলকেই আমভাবে শাস্তি দিবেন।’ (আবু দাউদ ৪৩৪০; মুসনাদে আহমদ ৫৩)

যদিও লোকগুলো আয়াতের প্রয়োগ ক্ষেত্র পাল্টে দিয়েছিলো। যা মূলত ইয়াহুদী-নাসারাদের চরিত্র। পবিত্র কুরআনে বলা হয়েছে:

‘তারা (আল্লাহর) কালামসমূহকে যথাস্থান স্থান থেকে পরিবর্তন করে ফেলে।’ (নিসা ৪:৪৬)

কিন্তু আবু বকর সিদ্দীক (রা.) ঐ লোকগুলোকে সতর্ক করেই ক্ষ্যান্ত হলেন। তাদের ইয়াহুদী-নাসারা বা কাফের বলে আখ্যায়িত করেননি। কেননা তারা এটা ইচ্ছা করে করেননি। বরং আয়াতের ভিতরে এরকম ভূল বুঝার অবকাশ ছিল বিধায় তারা করেছিলো। আবু বকর (রা.) যখন তাদেরকে সতর্ক করলেন তখন তারা বিনা আপত্তিতে মেনে নিয়েছিলো।

তিন : নও মুসলিম হওয়া

‘লা ইলাহা ইল্লাল্লাহ’ এর সাক্ষ্য দেওয়ার পর যে সকল কারণে কুফুরি করা সত্ত্বেও কাফের বলা যায় না তার মধ্যে আরেকটি হলো ইসলামে নতুন প্রবেশ করা। ইসলামের বিধি-বিধান সম্পর্কে এখনো যথেষ্ট জ্ঞান অর্জণ করার সুযোগ না পাওয়ায় ইসলাম বিরোধী কোনো গুনাহের কাজ বা কুফুরী করে বসলো। এ কারণে তাকে মুরতাদের শাস্তি দেওয়া যাবে না বরং তার নিকট শরিয়তের হুজ্জত উপস্থাপন করতে হবে। বিশেষ করে যে বিষয়টিতে সে লিপ্ত হয়েছে সে বিষয়টি সম্পর্কে শরিয়তের বিধান তার সামনে তুলে ধরতে হবে। কেননা ইসলাম গ্রহণ করার পরে প্রথম দিনেই

সকল আক্বায়েদ এবং ফারায়েজ জানা সম্ভব নয়। আর এ কথা পূর্বে উল্লেখ করা হয়েছে যে, ইসলামী শরিয়তে ক্ষমতা ও সামর্থ্যের বাইরে কাউকে বাধ্য করা হয় না। ইসলামে নতুন আসার কারণে শিরকী ও কুফুরি কাজে লিপ্ত হওয়া সত্ত্বেও তাকফীর করা হয়নি এমন কিছু দলীল নিম্নে পেশ করা হলোঃ

ক. 'যাতে আনওয়াত' নামক শিরকি কাজের আবেদন।

মক্কা বিজয়ের দশ থেকে পনের দিন পরে হুনাইনের যুদ্ধে যাওয়ার পথে 'যাতে আনওয়াত' নামক মুশরিকদের একটি কুল বৃক্ষ নজরে পরলো। যেটার সাথে মুশরিকরা বরকত হাসীলের উদ্দেশ্যে তরবারী ঝুলিয়ে রাখতো। যেরকম বর্তমানে কিছু মুশরিকরা নির্দিষ্ট গাছে বরকতের উদ্দেশ্যে সুতা বাঁধে। যখন ঐ বৃক্ষ সাহাবীদের নজরে পড়লো তখন তারা রাসূলুল্লাহ (সা.) এর কাছে আবেদন করলো ইয়া রাসূলাল্লাহ! ওদের যেরকম একটি 'যাতে আনওয়াত' রয়েছে আমাদের জন্যও সেরকম একটি 'যাতে আনওয়াত' নির্ধারণ করে দিন। রাসূলূল্লাহ (সা.) বললেন, সুবহানাল্লাহ! এতো দেখছি সেই হুবহু বনি ইসরাঈলদের মতো আবেদন, যখন তারা কতিপয় লোকদের মূর্তী পূজা করতে দেখেছিলো তখন তারাও মুসা (আ.) এর নিকট ঐ রকম কিছু মূর্তী তৈরী করে দেওয়ার জন্য আবেদন করেছিলো। তারা বলেছিলো, 'তাদের যেমন দেবতা আছে আমাদের জন্যও তেমনি দেবতা নির্ধারণ করে দিন।' বিস্তারিত বর্ণনা নিম্নের হাদীসটিতে রয়েছেঃ

আবু ওয়াকেদ আল লাইসি (রা.) থেকে বর্নিত, তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ (সা.) এর সাথে হুনাইনের দিকে (যুদ্ধের উদ্দেশ্যে) রওয়ানা হলাম। পথিমধ্যে একটি কুল বৃক্ষ দেখা গেল যেটাতে কাফেররা বরকত হাসিলের জন্য নিজেদের তরবারী ধুলিয়ে রাখতো অথবা সুতা বেধে রাখতো এবং উক্ত গাছের চর্তুদিকে তারা অবস্থান করতো অথবা তওয়াফ করতো। ঐ বৃক্ষটি 'যাতে আনওয়াত' নামে প্রসিদ্ধ ছিল। এটা দেখে আমরা বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমাদের জন্য একটি যাতে আনওয়াত নির্ধারণ করে দিন যেমনি ভাবে কাফেরদের জন্য একটি 'যাতে আনওয়াত' রয়েছে। রাসূলুল্লাহ (সা.) আশ্চর্য হয়ে উত্তরে বললেন, আল্লাহু

আকবার! এটাতো সেই বনী ইসলাঈলদের মতো আবেদন যারা মূসা (আ.) কে বলেছিলো, ‘কাফেরদের যেমন দেবতা রয়েছে আমাদের জন্যও তেমন দেবতা নির্মাণ করে দিন।’ নিশ্চয়ই তোমরা তোমাদের পূর্বের লোকদের অনুসরণ করবে।’ (তিরমিজি ২১৮০; মুসনাদে আহমদ ২১৮৯৭)

এ হাদীসে দেখা গেল যে, এতবড় একটা শিরকযুক্ত আবেদন করা সত্ত্বেও রাসূলুল্লাহ (সা.) তাদেরকে তাকফীর করেন নি এবং তাদের মুরতাদ বলে আখ্যায়িত করেন নি। কেননা তারা এ কাজটি করেছিলো নও মুসলিম হওয়ার কারণে এ বিষয়ে ইলম না থাকার কারণে। অধিকাংশ ঐতিহাসিকদের মতে তারা মাত্র পনের দিন আগে ইসলাম গ্রহণ করেছিলো। যা তারা নিজেরাও ওজর হিসেবে উল্লেখ করেছে। তারা বললোঃ ‘হে আল্লাহর রাসূল! আমাদের জাহিলিয়্যাতের যুগটি খুবই নিকটে। সবেমাত্র আমাদেরকে আল্লাহ (সুব.) ইসলামে নিয়ে আসলেন... ।’

খ. সালাতের ভিতরে কথা বলা সত্ত্বেও পুনরায় সালাত আদায় করতে না বলা। হাদীসে বর্ণিত হয়েছেঃ

-

. -

.

-

-

‘মুআবিয়া ইবনে হাকাম সুলামী থেকে বর্ণীত। তিনি বলেছেনঃ কোন একসময় আমি রাসূলুল্লাহ (সা.) এর সাথে সালাত পড়ছিলাম। ইতিমধ্যে (সালাত আদায়কারীদের মধ্যে) কোনো একজন হাঁচি দিলে জবাবে আমি ইয়ার হামুকাল্লাহ অর্থাৎ আল্লাহ তোমার প্রতি রহম করুন। বললাম। এতে সবাই রুষ্ট দৃষ্টিতে আমার প্রতি তাকাতে থাকলো। তা দেখে আমি বললামঃ আমার মা আমার বিয়োগ ব্যাথায় কাতর হোক। (অর্থাৎ এভাবে আমি নিজেই নিজেকে ভৎর্সনা করলাম) কি ব্যাপার! তোমরা আমার দিকে এভাবে তাকাচ্ছো যে? তখন তারা নিজ নিজ উরুতে হাত চাপিয়ে শব্দ করতে থাকলো। (আমার খুব রাগ হওয়া সত্ত্বেও) আমি যখন দেখলাম যে তারা আমাকে চুপ করাতে চায় তখন আমি চুপ করে রাইলাম। পরে

রাসূলুল্লাহ (সা.) সালাত শেষ করলে আমি তাকে সবকিছু বললাম। আমার পিতা ও মা তার জন্য কোরবান হোক। আমি ইতিপূর্বে বা এর পরে আর কখনো অন্য কোনো শিক্ষককে তার চেয়ে উত্তম পন্থায় শিক্ষা দিতে দেখিনি। আল্লাহর শপথ করে বলছি, তিনি আমাকে ধমকালেন না বা মারলেন না কিংবা বকা-ঝকাও করলেন না। বরং বললেন: সালাতের মধ্যে কথাবার্তা ধরণের কিছু বলা যথোচিত নয়। বরং প্রয়োজন বশত: তাসবীব, তাকবীর বা কুরআন পাঠ করা যেতে পারে মাত্র।' (মুসলিম ১২২৭; আবু দাউদ ৯৩২; নাসায়ী ১২১৭; মুসনাদে আহমদ ২৩৭৬২)
এই হাদীসে দেখা গেল যে, সালাতের ভিতরে কথা বলা সত্ত্বেও রাসূলুল্লাহ (সা.) তাদেরকে পুনরায় সালাত আদায় করতে বললেন না। কেননা তারা জাহেলিয়্যাতের থেকে নতুন ইসলামে আসার কারণে এ ব্যাপারে অজ্ঞ ছিল। তাই রাসূলুল্লাহ (সা.) তাদেরকে সুন্দরভাবে বুঝিয়ে দিলেন।

গ. স্বর্নের ক্রশ গলায় দিয়ে আদী ইবনে হাতেমের রাসূলুল্লাহ (সা.) এর সামনে আসা। তিরমিজির হাদীসে বর্নিত হয়েছে:

- -

...

'আদী ইবনে হাতেম তাই থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) এর নিকট আসলাম এমতাবস্থায় যে আমার গলায় স্বর্ণের ক্রশ বাঁধা ছিল।' (তিরমিজি ৩০৯৫; বায়হাকী ২০৮৪৭)
আদী ইবনে হাতেম যখন মুসলিম অবস্থায় আল্লাহ রাসূল (সা.) এর কাছে এলেন তখন তার গলায় একটি স্বর্ণের ক্রশ ছিল। রাসূলুল্লাহ (সা.) বললেন, হে আদী! তোমার গলা থেকে এই মূর্তীটাকে সরাও। তাকে এর বেশী আর কিছু বললেন না। অথচ ইসলাম গ্রহণ করার পরে গলায় ক্রশ ঝুলানো শিরক সমতুল্য গুনাহ। তা সত্ত্বেও রাসূলুল্লাহ (সা.) তাকে তাকফীর করেন নি। কেননা নওমুসলিম হওয়ার কারনে তার বিষয়টি জানা ছিল না। তবে রাসূলুল্লাহ (সা.) তাকে ক্রশটি ফেলে দিতে বললেন।

চার :

বিচ্ছিন্ন এলাকায় বসবাস করা যেখানে ইসলামের জ্ঞান পৌঁছা অসম্ভব।

'লা ইলাহা ইল্লাল্লাহ' এর সাক্ষ্য দেওয়ার পর যে সকল কারণে কুফরী কাজে লিপ্ত হওয়া সত্বেও তাকফীর করা যায় না তার মধ্যে আরেকটি কারণ হলো এমন কোনো বিচ্ছিন্ন এলাকায় বসবাস করা যেখানে কুরআন

হাদীসের তথা ইসলামের জ্ঞান পৌঁছানো সম্ভব নয়। যেমন আফ্রিকার গভীর জঙ্গলে যারা বসবাস করে। বিচ্ছিন্ন পাহাড়-জঙ্গলে যারা বসবাস করে। যেখানে না কোনো ইলম পৌঁছানো সম্ভব আর না তারা ইলমের কাছে পৌঁছতে পারে। এ কারণে অজ্ঞতা বশত যদি কোনো ইসলাম বিরোধী কুফরী কাজে লিপ্ত হয় এজন্য তাদেরকে তাকফীর করে মুরতাদের শাস্তি দেওয়া যাবে না। যতক্ষণ না তাদের উপর ইকামাতে হুজ্জত বা কুরআন সুন্নাহর দলীল পেশ করা হয়। এ প্রসঙ্গে দলীল হিসেবে কয়েকটি হাদীস উল্লেখ করা হলোঃ

ক. দুই সময়ে দুই রকম বিধান।

'নিশ্চয়ই তোমরা এমন একটি জমানায় অবস্থান করছো যখন ওলামা অনেক বেশী, বক্তা কম। এ সময়ে যে ব্যক্তি সৎকাজ সমূহের দশ ভাগের একভাগ ত্যাগ করবে সে অবশ্যই নিজের প্রবৃত্তির অনুসরণ করলো। আর অচিরেই এমন একটি জামানা আসবে যখন বক্তা অনেক বেশী হবে কিন্তু প্রকৃত আলেমদের সংখ্যা কম হবে। তখন যে ব্যক্তি সৎকাজ সমূহের দশভাগের একভাগ শক্তভাবে ধরে রাখবে সেও নাজাত পাবে।' (আস সিলসিলাতুস সাহীহাহ ২৫১০)
এখানে লক্ষণীয় বিষয় এই যে, রাসূলুল্লাহ (সা.) দুই যমানার মধ্যে পার্থক্য করেছেন। যে যমানায় আলেম ওলামা ও ইলমের চর্চা বেশী হবে সে সময়ে দশভাগের একভাগ ত্যাগ করলেও ধ্বংস ও আযাবে পতিত হবে। আর যখন ইলম ও আলেম ওলামা কমে যাবে তখন দশভাগের একভাগ আমল করলেও মুক্তি পাবে। এমনিভাবে আরেকটি হাদীস, রাসূলুল্লাহ (সা.) ইরশাদ করেছেনঃ

হুজায়ফা ইবনুল ইয়ামান থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) ইরশাদ করেছেন, নিশ্চয়ই ইসলাম পুরাতন হয়ে পরবে যেরকম ভাবে কাপরের নকশা ব্যবহার করতে করতে পুরাতন হয়ে যায়। এমনকি মানুষ জানবে না সিয়াম, সালাত, কুরবানী, সাদাকা কি জিনিষ। আর আল্লাহর কিতাব কুরআনের উপর দিয়ে এমন একটি রাত অতিক্রম করবে যখন আর কুরআনের কোনো আয়াত অবশিষ্ট থাকবে না। তখন একদল বুড়া-বুড়ি থাকবে যারা শুধু এতটুকু বলতে পারবে যে, আমরা আমাদের পূর্ব পুরুষদেরকে 'লা ইলাহা ইল্লাল্লাহ' এই কালেমাটি পাঠ করতে শুনতাম তাই আমরাও পাঠ করছি। তখন হাদীসের বর্ণনাকারী সিলাহ (র.) বলেন, আমি হুজায়ফা (রা.) কে জিজ্ঞাসা করলাম, যেহেতু তারা সালাত, সিয়াম, কুরবানী, সাদাকা কিছুই জানবে না সেহেতু তাদের 'লা ইলাহা ইল্লাল্লাহ' কি তাদের মুক্তি দিতে পারবে? তখন হুজায়ফা তার থেকে মুখ ফিরিয়ে নিলেন। তিনবার এরকম প্রশ্ন করলে তিনবারই মুখ ফিরিয়ে নিলেন। শেষবারে বললেন, হ্যাঁ! হে সিলাহ! এই কালেমা 'লা ইলাহা ইল্লাল্লাহ' তাদের মুক্তি দিবে। একথা তিনি তিনবার বললেন।' (ইবনে মাজাহ ৪০৩৯; সিলসিলাতুস সাহীহাহ ৮৭)

এ হাদীস থেকে বুঝা গেল যে, যদি কোনো ব্যক্তি এমন জমানায় বা এমন স্থানে বসবাস করে যে সময় বা যে স্থানে ইলম অর্জণ করার সুযোগ থাকবে না। এমনকি যদি শুধু লা-ইলাহা ইল্লাল্লাহ' এর স্বাক্ষ্য দেওয়া ছাড়া অন্য কিছু না জানে। সালাত, সাওম, হজ্জ, যাকাত কিছুই জানে না। আর এই নাজানার কারণে আমলও করতে পারে না তাহলে তাদের এই না জানাটা ওজর হিসেবে গণ্য হবে। তবে এর অর্থ এই নয় যে, যেখানে ইলম অর্জণ করার সুযোগ আছে সেখানে ইলম অর্জণ না করে এই ওজর পেশ করা যে, না জেনে গুনাহ করলে অসুবিধা নেই এটি একটি মারাত্মক অন্যায়। এটা মুরজিয়া, জাহমিয়াদের আক্বিদা। কুরআন-সুন্নাহ অনুযায়ী সঠিক আক্বীদা নয়। কুরআন-সুন্নাহ অনুযায়ী সঠিক আক্বীদা হলো, ইলম অর্জণ করার সুযোগ থাকা সত্ত্বেও যারা ইলম অর্জণ করলো না তারা ডাবল গুনাহগার হলো। একেতো গুনাহে লিপ্ত হওয়ার গুনাহ। আর দ্বিতীয়ত সুযোগ থাকা সত্ত্বেও না জানার গুনাহ।

পাঁচ : অনিচ্ছাকৃত বিচ্যুতি

'লা ইলাহা ইল্লাল্লাহ' এর সাক্ষ্য দেওয়ার পর যে সকল কারণে কুফুরি কাজ করা সত্ত্বেও তাকফীর করা যায় না তার মধ্যে একটি হলো

অনিচ্ছাকৃত বিচ্যুতি। মুখ ফসকে অথবা ভূলে অনিচ্ছাকৃতভাবে যদি কোনো ব্যক্তি কোনো কুফরি কথা বা কাজ করে ফেলে সে জন্য তাকে তাকফীর করা যাবে না। এর দলীল নিম্নে পেশ করা হলো:

ক. পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

'আর এ বিষয়ে তোমরা কোন ভুল করলে তোমাদের কোন পাপ নেই; কিন্তু তোমাদের অন্তরে সংকল্প থাকলে (পাপ হবে)। আর আল্লাহ অধিক ক্ষমাশীল, পরম দয়ালু।'

খ. রাসূলূল্লাহ (সা.) বলেন:

নিশ্চয়ই আল্লাহ (সুব.) আমার উম্মতের থেকে অনিচ্ছাকৃত ক্রুটি-বিচুত্যি, ভূল-ভ্রান্তি ও জোড় জবরদস্তি করে যা করানো হয় তা ক্ষমা করে দিয়েছেন।' (ইবনে মাজাহ ২০৪৫)

গ. হে আল্লাহ! তুমি আমার গোলাম, আমি তোমার রব' সংক্রান্ত হাদীস:

» - - - -

'আনাস ইবনে মালেক (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) ইরশাদ করেছেন, আল্লাহর বান্দা যখন তার কাছে তওবা করে সে বান্দার তওবায় মহান আল্লাহ ঐ ব্যক্তির চেয়েও অধিকতর আনন্দিত হন যে ব্যক্তি তার সওয়ারীর উপর সওয়ার হয়ে কোন জনমানবহীন প্রান্তরে পৌঁছে যায়। এবং সেখানে পৌঁছে তার থেকে তার সওয়ারীটা উধাও হয়ে গেল। অথচ সওয়ারীর পিঠে তার খাদ্য পানীয় সহ যাবতীয় রসদ রয়ে গেছে। ঐ ব্যক্তি সওয়ারী থেকে নিরাশ হয়ে একটা বৃক্ষের নিকট এসে বৃক্ষের ছায়ায় শুয়ে পড়ল। হতাশা ও নিরাশার মাঝে সে একাকী শুয়ে আছে। এমন সময় হঠাৎ দেখল তার সওয়ারীটা তারই পাশে দণ্ডায়মান। তখন সে ঝটপট সেটার লাগাম ধরে ফেলল। অতঃপর আনন্দের আতিশয্যে সে বলে ফেললো, হে আল্লাহ! তুমি আমার বান্দাহ ও আমি তোমার রর।' (মুসলিম ৪১৩৬)

এখানে লোকটি কত মারাত্মক কথা বলে ফেললো। একেতো নিজেকে রব দাবী করলো দ্বীতিয়ত: সে আল্লাহকে নিজের গোলাম বলে আখ্যায়িত করলো। কিন্তু যেহেতু সে ইচ্ছে করে বলেনি। মুখ ফসকে ভুলে বের হয়ে গেছে সে জন্য আল্লাহ (সুব.) তাকে পাকড়াও করবে না।

ছয় : ইজতিহাদ

'লা ইলাহা ইল্লাল্লাহ' এর সাক্ষ্য দেওয়ার পর যে সকল কারণে কুফুরি কাজ করা সত্ত্বেও তাকফীর করা যায় না। তার মধ্যে আরেকটি হলো ইজতিহাদী ভূল। কুরআন ও হাদীস থেকে গবেষণা করে মাসআলা-মাসায়েল বের করার নাম হলো ইজতিহাদ। ইজতিহাদ কখনো সঠিক হয় আবার কথনো ভূলও হতে পারে। আর এ কারণে কখনো হালালকে হারাম আবার কখনো হারামকে হালাল বলে ফাতওয়া বা সিদ্ধান্ত দেওয়া হতে পারে আর আল্লাহর হারামকে হালাল জ্ঞান করা বা হালালকে হারাম জ্ঞান করা কুফুরী কাজ। তা সত্ত্বেও মুজতাহিদ, মুফতী বা বিচারককে তাকফীর করা যাবে না। কেননা তার এই ভূলটি ইজতিহাদী ভূল। আর মুজতাহিদ ইজতিহাদ করে সঠিক সিদ্ধান্তে উপনিত হতে পারলে তার জন্য দুটো পুরষ্কার আর যদি ভূল করে তাহলেও ইজহিতাদ করার জন্য একটি পুরষ্কার পাবে। এ প্রসঙ্গে হাদীসে বলা হয়েছেঃ

'অমর ইবনে আস (রা.) থেকে বর্ণিত, তিনি রাসূলুল্লাহ (সা.) কে বলতে শুনেছেন, যখন কোনো বিচারক ফয়সালা করতে গিয়ে ইজতিহাদ করে এবং সঠিক সমাধান বের করতে সক্ষম হয় তখন তার জন্য দুটি সওয়াব রয়েছে। আর যদি ভূল সমাধান বের করে তবুও তার জন্য একটি সওয়াব রয়েছে।' (বুখারী ৭৩৫২; মুসলিম ৬)
হাদীসে বর্ণিত হয়েছে,

'বিলাল (রা.) উন্নত মানের খেজুর নিয়ে আসলেন। রাসূলুল্লাহ (সা.) তাকে জিজ্ঞেস করলেনঃ এগুলো কোথা থেকে এসেছো? বিলাল (রা.) বললেন, আমাদের কাছে কিছু খারাপ খেজুর ছিল। নবী (সা.) কে

খাওয়ানোর উদ্দেশ্যে এর এক সা’ এর বিনিময়ে আমাদের দুই সা’ (নিম্নমানের) খেজুর বিক্রি করেছি। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, হায়! এতো একেবারে সুদ। এরূপ করোনা, বরং যখন তুমি (উত্তম) খেজুর খরিদ করতে চাও, তোমার (খারাপ খেজুর ভিন্নভাবে বিক্রি করে দাও। এরপর তার মূল্য দিয়ে এগুলো খরিদ করো।’ (বুখারী ২৩১২)

এ হাদীসে দেখা গেল যে, বেলাল (রা.) সুদের কারবার করে ফেললেন। অথচ রাসূলুল্লাহ (সা.) বলেছেন,

- -

‘রাসূলুল্লাহ (সা.) সুদ গ্রহণ কারী, প্রদান কারী, সুদের বিষয় যে লিখে এবং যারা সাক্ষ্যি হয় সকলের উপর লা’নত করেছেন এবং বলেছেন তারা সকলেই গুনাহের ক্ষেত্রে সমান।’ (মুসলিম ৪১৭৭)

এত বড় গুনাহ সত্ত্বেও রাসূলুল্লাহ (সা.) বেলালকে অভিশাপ দিলেন না বা ধমকও দিলেন না। কেননা বেলাল একাজটি করেছিলো ভূল ইজতিহাদ করার কারণে।

হাদীসে উসামাঃ

উসামা বিন যায়েদ (রা.) যুদ্ধের ময়দানে কতিপয় লোককে লা ইলাহা ইল্লাল্লাহ বলে ঘোষণা দেওয়া সত্ত্বেও হত্যা করেন। তার ধারণা ছিলো এই লোকগুলো শুধুমাত্র জীবন বাঁচানোর জন্যই লা ইলাহা ইল্লাল্লাহ এর ঘোষণা দিয়েছে। রাসূলুল্লাহ (সা.) জানার পরে তিরস্কার করেছেন। কিন্ত এ জন্য উসামা বিন যায়েদের বিরূদ্ধে কিসাস বা দিয়াত কোনো কিছুই জারী করেননি। কেননা তার এ ভূলটি ছিল ইজতিহাদী ভূল। বিস্তারিত বিবরণ নিম্নের হাদীসটিতে উল্লেখ করা হয়েছেঃ

'উসামা ইবনে যায়েদ (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.) আমাদেরকে এক জিহাদ অভিযানে পাঠালে, আমরা প্রত্যুষে 'জুহাইনার' (একটি শাখা গোত্র) 'আলহুরাকায়' গিয়ে পৌছলাম। এ সময় আমি এক ব্যক্তির পশ্চাদ্ধাবন করে তাকে ধরে ফেলি। অবস্থা বেগতিক দেখে সে বললো, 'লা-ইলাহা ইল্লাল্লাহ' কিন্তু আমি তাকে বর্শা দিয়ে আঘাত করে তাকে হত্যা করে ফেললাম। কালেমা পড়ার পর আমি তাকে হত্যা করেছি বিধায়, আমার মনে সংশয়ের উদ্রেক হলো। তাই ঘটনাটি আমি নবী (সা.) এর নিকট উল্লেখ করলাম। তিনি বললেন: তুমি কি তাকে 'লা-ইলাহা ইল্লাল্লাহ্' বলার পর হত্যা করেছ। আমি বললাম, হে আল্লাহর রাসুল, সে অস্ত্রের ভয়ে জান বাঁচানোর জন্যেই এরূপ বলেছে। তিনি রাগান্বিত হয়ে বললেনঃ তুমি তার অন্তর চিড়ে দেখলে না কেনো যে, এ বাক্যটি অন্তর থেকে বলেছিলো কি না? তিনি এ কথাটি বারবার আবৃত্তি করতে থাকলেন। আর আমি মনে মনে অনুশোচনা করতে থাকলাম, হায়! যদি আমি আজই ইসলাম গ্রহণ করতাম! বর্ণনাকারী বলেন, এ সময় সা'দ ইবনে আবু ওয়াক্কাস (রা.) টিপ্পনি দিয়ে বলে উঠলেন, আল্লাহর কসম, আমি কখনো কোনো মুসলমানকে হত্যা করবো না, যেভাবে এ পেটুক (উসামা) মুসলমানকে হত্যা করেছে। তখন জনৈক ব্যক্তি বললো, আল্লাহ তা'আলা কি এক কথা বলেননি যে, 'তোমরা তাদের (কাফেরদের) বিরুদ্ধে জিহাদ করো, যে পর্যন্ত আল্লাহর দ্বীন পরিপূর্ণ না হয়ে যায়? এর জবাবে সা'দ (রা.) বললেন, আমরা জিহাদ করি, যাতে ফিৎনা না থাকে, কিন্তু তুমি আর তোমার সঙ্গীগণ এ উদ্দেশ্যে যুদ্ধ কর, যেনো ফিৎনা সৃষ্টি হয়। (মুসলিম ২৮৭; আবু দাউদ ২৬৪৫)

তবে এক্ষেত্রে মনে রাখতে হবে যে, এটি যুদ্ধের ময়দানের ঘোষণা। যারা লা ইলাহা ইল্লাল্লাহ ঘোষণা দেওয়ার পর কোনো পরিপন্থি কাজ করেনি। তাই এই হাদীস দ্বারা আল্লাহ ও আল্লাহর রাসূল সা.) ও আল্লাহর আয়াত ও বিধান নিয়ে কটাক্ষকারী মুসলিম নামধারী নাস্তিক-মুরতাদ ও ব্লগারদের রক্ষা করা জন্য দলীল পেশ করা যাবে না। কেননা তারা স্বেচ্ছায় সজ্ঞানে বুঝে–শুনে কুফরী কাজ করেছে। এমনিভাবে এই উসূলের ভিত্তিতে কুরআন সুন্নাহর আইন বাদ দিয়ে মানব রচিত আইনে দেশ শাসনকারী শাষক গোষ্টি ও বিচারকদের রক্ষা করার চেষ্টা করা যাবে না। কেননা তারা কুরআন সুন্নাহর বিধান দিয়ে মাসআলা মাসায়েল বের করতে গিয়ে ইজতিহাদী ভূল করে না বরং তারা সরাসরি আল্লাহর বিধানকে জেনে শুনে প্রত্যাখান করে মানবরচিত আইন বিধান দিয়ে দেশ শাসন করে ও বিচার কার্য পরিচালনা করে তারা তাগূত। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

‘তুমি কি তাদেরকে দেখনি, যারা দাবী করে যে, নিশ্চয় তারা ঈমান এনেছে তার উপর, যা নাযিল করা হয়েছে তোমার প্রতি এবং যা নাযিল করা হয়েছে তোমার পূর্বে। তারা ত্বা-গুতের কাছে বিচার নিয়ে যেতে চায় অথচ তাদেরকে নির্দেশ দেয়া হয়েছে তাকে অস্বীকার করতে। আর শয়তান চায় তাদেরকে ঘোর বিভ্রান্তিতে বিভ্রান্ত করতে।’ (নিসা ৪:৬০)
এরা নিজেদেরকে মুমিন দাবী করলেও প্রকৃত পক্ষে মুমিন নয়। এ কথা আল্লাহ (সুব.) পবিত্র কুরআনে কসম করে বলেছেন। ইরশাদ হয়েছেঃ

‘অতএব তোমার রবের কসম, তারা মুমিন হবে না যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে বিচারক নির্ধারণ করে, তারপর তুমি যে ফয়সালা দেবে সে ব্যাপারে নিজদের অন্তরে কোন দ্বিধা অনুভব না করে এবং পূর্ণ সম্মতিতে মেনে নেয়।’ (নিসা ৪:৬৫)
এ আয়াতে বুঝা গেলো কোন ব্যক্তি আল্লাহর নাযিলকৃত বিধানের ব্যাপারে কোন প্রকার দ্বিধা-দন্দ্ব রাখে এবং সম্পূর্ণভাবে আল্লাহর বিধানের সামনে নিজেকে সঁপে না দেয় তাহলে সে মুমিন হবে না। শুধু তাই নয় আল্লাহর বিধান নাযিল হয়ে যাওয়ার পরে সেটাকে গ্রহণ করা বা না করার ব্যপারে কাউকে স্বাধীনতা দেওয়া হয়নি। বরং সকলকে এক বাক্যে মেনে নিতে বলা হয়েছে। এ প্রসঙ্গে পবিত্র কুরআনে ইরশাদ হয়েছেঃ

‘আর আল্লাহ্ ও তাঁর রাসূল কোন নির্দেশ দিলে কোন মুমিন পুরুষ ও নারীর জন্য নিজদের ব্যাপারে অন্য কিছু এখতিয়ার করার অধিকার থাকে না; আর যে আল্লাহ ও তাঁর রাসূলকে অমান্য করল সে স্পষ্টই পথভ্রষ্ট হবে।’ (আহযাব ৩৩:৩৬)
এরপরেও যারা আল্লাহর বিধানকে অবজ্ঞা করবে এবং তুচ্ছ-তাচ্ছিল্য করবে অথবা এ কথা বলে যে, এগুলো বর্তমান আধুনিক যুগে চলে না। এগুলো মধ্যযুগীয় বর্বব আইন, কিংবা মনে করে এসকল আইন বর্তমান যুগে কার্যকর করা সম্ভব হলেও তার চেয়ে বৃটিশ আইন বা মানব রচিত অন্য আইন বেশী ফলপ্রসূ এ ধরণের আক্বিদা-বিশ্বাস নিয়ে যারা মানব রচিত সংবিধান ও আইনের অধিনে বিচার-ফয়সালা করে তাদের ব্যাপারে

আল্লাহ (সুব.) বলেন:

'আর যারা আল্লাহ যা নাযিল করেছেন, তার মাধ্যমে ফয়সালা করে না, তারাই কাফির।" (মায়েদাহ ৫:৪৪)

অপর আয়াতে ইরশাদ হয়েছে:

'আর যারা আল্লাহ যা নাযিল করেছেন, তার মাধ্যমে ফয়সালা করে না, তারাই যালেম।" (মায়েদাহ ৫:৪৫)

অপর আয়াতে ইরশাদ হয়েছে:

'আর যারা আল্লাহ যা নাযিল করেছেন, তার মাধ্যমে ফয়সালা করে না, তারাই ফাসেক।" (মায়েদাহ ৫:৪৭)

সতর্কতা: ইজতিহাদী ভূলের কারণে তাকফীর করা যাবে না এটা ঐ ব্যক্তির জন্য প্রযোজ্য যার ইজহিতাদ করার মতো যোগ্যতা থাকা সত্ত্বেও অনিচ্ছাকৃতভাবে ভূল করে ফেলে। কিন্তু এর দ্বারা কোনো অযোগ্য, জাহেল মুফতী যার ইজতিহাদের যোগ্যতা নেই তাদেরকে রক্ষা করা যাবে না। এমনিভাবে কোনো দরবারী আলেম অথবা বেদআতী আলেম যাদের যোগ্যতা আছে ঠিকই এবং দলীল প্রমাণের দ্বারা কোনটি হক তাও জানেন তবে নিজেদের বিদআতকে প্রতিষ্ঠা করার জন্য অথবা জালিম শাসকদের খুশি করে পার্থিব ফায়দা লুটতে চায় তারা এই ক্ষমার অন্তর্ভূক্ত হবে না। বরং এদের সম্পর্কে রাসূলুল্লাহ (সা.) জাহান্নামের আগুনের সুসংবাদ দিয়েছেন। হাদীসে বর্ণিত হয়েছে:

নবী (সা.) বলেছেন, বিচারক তিন শ্রেণীর। এক শ্রেণী জান্নাতে যাবে এবং দু'শ্রেণী জাহান্নামে যাবে। আর যে জান্নাতে যাবে সে ব্যক্তি তো এমন, যে সত্যকে জানার পর সে আনুযায়ী বিচার করবে। পক্ষান্তরে, যে বিচারক সত্যকে সত্য হিসাবে জানার পরও স্বীয় বিচারে জুলুম করবে, সে জাহান্নামে যাবে। আর যে ব্যক্তি অজ্ঞতাবশত ভুল বিচার করবে, সেও জাহান্নামে যাবে।' (আবু দাউদ ৩৫৭৫)

সাত : বাধ্য করা

'লা ইলাহা ইল্লাল্লাহ' এর সাক্ষ্য দেওয়ার পর যে সকল কারণে কুফুরী কথা বা কাজ করা সত্ত্বেও তাকফীর করা যায় না তার মধ্যে আরেকটি

হলো বা জোর জবরদস্তি করে কাউকে কুফুরী কাজে বাধ্য করা। তবে এ ক্ষেত্রে শর্ত হলো, যদি সে এই কুফুরী কথা বা কাজ না করে তাহলে তাকে হত্যা বা কোনো কঠিন শাস্তি দিবে এবং সে ঐ শাস্তি দেওয়ার ক্ষমতা রাখে। এ অবস্থায় যদি অন্তরে দৃঢ় ঈমান ধারণ করে শুধুমাত্র মুখে কুফুরি কথা উচ্চারণ করে অথবা কোনো কুফুরী কাজ করে এবং এতে অন্য কারো জীবন নাশ বা মারাত্মক ক্ষতি জড়িত না থাকে তবে তাকে তাকফীর করা যাবে না। এ প্রসঙ্গে দলীল নিম্নে পেশ করা হলো:

ক. পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

‘যে ঈমান আনার পর আল্লাহর সাথে কুফরী করেছে এবং যারা তাদের অন্তর কুফরী দ্বারা উন্মুক্ত করেছে, তাদের উপরই আল্লাহর ক্রোধ এবং তাদের জন্য রয়েছে মহাআযাব।’ (নাহল ১৬:১০৬)

খ. অপর আয়াতে আল্লাহ (সুব.) বলেন,

‘মুমিনরা যেন মুমিনদের ছাড়া কাফিরদেরকে বন্ধু না বানায়। আর যে কেউ এরূপ করবে, আল্লাহর সাথে তার কোন সম্পর্ক নেই। তবে যদি তাদের পক্ষ থেকে তোমাদের কোন ভয়ের আশঙ্কা থাকে। আর আল্লাহ তোমাদেরকে তাঁর নিজের ব্যাপারে সতর্ক করছেন এবং আল্লাহর নিকটই প্রত্যাবর্তন।’ (আল ইমরান ৩:২৮)

গ. হাদীসে বর্ণিত হয়েছে:

‘নিশ্চয় আল্লাহ (সুব.) আমার উম্মত থেকে অনিচ্ছাকৃত বিচ্যুতি, ভূল-ভ্রান্তিও জোর-জবরদস্তি মূলক অন্যায় কাজ ক্ষমা করে দিয়েছেন।’ (বায়হাকী ১৫৪৬০)

ঘ. অপর হাদীসে বর্ণিত হয়েছে:

: :

:

‘মুশরিকরা আম্মার ইবনে ইয়াসিরকে গ্রেফতার করে চরম শাস্তি দিয়ে তার মুখ থেকে নানা ধরণের কুফুরী কথা বের করার চেষ্টা করলো। এ রকম

কিছু কথা বলেও ফেললেন। পরবর্তীতে তিনি রাসূলুল্লাহ (সা.) এর কাছে উত্থাপণ করলেন। রাসূলুল্লাহ (সা.) তাকে জিজ্ঞাসা করলেন যে, তার অন্তরের অবস্থা কেমন ছিল? তিনি বললেন, ঈমানের উপর স্থির ছিল। রাসূলুল্লাহ (সা.) বললেন, যদি তারা তোমার সাথে আবারও এ ধরণের আচারণ করে তুমিও তখন ওরকম কথা বলে ছুটে আসবে।' (নসবুর রায়াহ ৭/২১৭; ইত্তিহাফুল খিয়ারাতুল মাহারাহ ১৩৫; আল মাত্বালিবুল আলিয়া ২৯১০)

আট :

কোনো বড় মারাত্মক কুফুরকে নির্মূল করার জন্য কুফুরি প্রকাশ করা।

'লা ইলাহা ইল্লাল্লাহ' এর সাক্ষ্য দেওয়ার পর যে সকল কারণে কুফুরী করা সত্ত্বেও তাকফীর করা যায় না তার মধ্যে আরেকটি কারণ হলো, কোনো বড় কুফুরকে ধ্বংস ও নির্মূল করার জন্য যদি তুলনামূলক কম ক্ষতিকর কোনো কুফুরীতে লিপ্ত হতে হয় এবং এছাড়া আর কোনো উপায় না থাকে সেক্ষেত্রে যদি কেউ কুফুরি কথা বা কাজ করে ফেলে তাহলে তাকে তাকফীর করা যাবে না। উদাহরণ স্বরূপ কোনো বড় কাফের অথবা তাগূত অথবা আইম্মাতুল কুফুর বা আউলিয়াউশ শয়তান হত্যা করতে হলে তার সেনাবাহিনীতে ভর্তি হওয়া অথবা তার দলে যোগ দেওয়া এবং বাহ্যিকভাবে তার আনুগত্য প্রকাশ করা কিন্তু মনে মনে উদ্দেশ্য হচ্ছে তাগূতের মুলোৎপাটন করে তার ক্ষতি ও অনিষ্ট থেকে মুসলিম উম্মাহকে মুক্ত করা। তাহলে তার জন্য কোনো কুফুরী কথা মুখে উচ্চারণ করা বৈধ হবে। এ প্রসঙ্গে দলীল নিম্নে পেশ করা হলো।

ক. আবদুল্লাহ ইবনে মাসলামা (রা.) এর হাদীসঃ

'জাবির ইবনে আবদুল্লাহ (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন,নবী (সা.) একবার বললেন, কে আছ যে কাব ইবনে আশরাফ এর (হত্যার) দায়িত্ব নিবে? কেননা সে আল্লাহ তাআলা ও তার রাসূল (সা.) কে কষ্ট দিয়েছে। মুহাম্মদ ইবনে মাসলামা (রা.) বলেন, ইয়া রাসূলাল্লাহ! আপনি কি পছন্দ করেন যে, আমি তাকে হত্যা করি? রাসূলুল্লাহ (সা.) বললেন, হ্যাঁ। বর্ণনাকারী বলেন, তারপর মুহাম্মদ ইবনে মাসলামা (রা.) কাব ইবনে

আশরাফের নিকট গিয়ে বললেন, এ ব্যক্তি অর্থাৎ নবী (সা.) আমাদের কষ্টে ফেলেছে এবং আমাদের থেকে সাদাকা চাচ্ছে। রাবী বলেন, তখন কাব বললো, এখন আর কি হয়েছে? তোমরা তো তার থেকে আরো অতিষ্ট হয়ে পড়বে। মুহাম্মদ ইবনে মাসলামা (রা.) বললেন, আমরা তাঁর অনুসরণ করেছি, এখন তাঁর পরিণতি না দেখা পর্যন্ত তাঁকে সম্পূর্ণ ত্যাগ করা পছন্দ করি না। রাবী বলেন, মুহাম্মদ ইবনে মাসলামা (রা.) এভাবে তার সাথে কথা বলতে থাকেন এবং সুযোগ পেয়ে তাকে হত্যা করে ফেলেন।' (বুখারী ৩০৩১)

এখানে মুহাম্মদ ইবনে মাসলামা ইয়াহুদি কাব ইবনে আশরাফের মাঝে যে কথোপকথন হয়েছে তাতে অনেকগুলো স্পষ্ট কুফুরী কথা রয়েছে। যা প্রকাশ করা বা মুখে উচ্চারণ করা সাধারণ অবস্থায় কোনো ক্রমেই জায়েজ হতে পারে না। তবে তিনি যেহেতু ইসলামের চরম দুশমন কাফের লিডারকে মূলোৎপাটন করার জন্য এ কথা গুলো বলেছেন সে কারণে তাকে তাকফীর করা যাবে না। এই হাদীসে কয়েকভাবে কুফুরী কালাম রয়েছে:

১. সে আমাদের কাছে সাদাকা চায় অথচ আমরা খেতেও পাইনা।

২. সে আমাদের বিরক্ত করে ফেলেছে।

৩. আল্লাহ কসম! সে তোমাদেরকে আরো বিরক্ত করবে। কাব ইবনে আশরাফের এ কথার সুযোগও হয়েছে মুহাম্মদ ইবনে মাসলামার কথা 'সে আমাদের বিরক্ত করে ফেলেছে' থেকে।

৪. আমরা তাকে এই মূহুর্তে ত্যাগ করা পছন্দ করছি না। দেখি! তার পরিণতি কোথায় গিয়ে দাড়ায়। অর্থাৎ তার সঙ্গে আমাদের অবস্থান করা পরিক্ষা মূলক। যদি পরিণতি ভাল হয় তাহলে আমরা তার সঙ্গে থাকবো আর যদি বিপরীত হয় তাহলে আমরা তাকে ত্যাগ করে তার থেকে আলাদা হয়ে যাব।

এছাড়া এ হাদীসের অন্যান্য বর্ণনায় আরো কিছু শব্দ রয়েছে। এক রেওয়াতে রয়েছে মুহাম্মদ ইবনে মাসলামার সঙ্গি আবু নায়েলাহ বলেছিলো: 'আমরা তার সাহায্য সহযোগীতা ছেড়ে দিয়ে তাকে অপমান করতে চাই এবং তার থেকে আলাদা হতে চাই।' আরেক রেওয়াতে বর্ণিত হয়েছে, কাব ইবনে আশরাফ বলেছিলো, 'তুমি আমাকে হাসালে।' এটি রাসূলুল্লাহ (সা.) কে কটাক্ষ করা ও তুচ্ছ-তাচ্ছিল্য মূলক কথা। তাছাড়া রাসূলুল্লাহ (সা.) কে নিয়ে যে মজলিশে কটাক্ষ করা হয় সে মজলিশে বসাও কুফুরী কাজ। তাছাড়া আল্লাহর রাসূলের কাছে তাঁর সম্পর্কে কোনো খারাপ কথা বলার অনুমতি

চাওয়াও কুফুরী। এতগুলো কুফুরী সত্বেও রাসূলুল্লাহ (সা.) তাকে অনুমতি দিলেন। কারণ শুধু একটাই আর তা হলো: একটা চরম দুষ্ট কাফের লিডারকে হত্যা করা। তবে এ ক্ষেত্রে কতগুলো শর্ত আছে: প্রথম শর্ত হলো– কোনো বড় কুফুরের মূলোৎপাটনের জন্য এ ধরণের কাজ করা যাবে। দ্বিতীয় শর্ত হলো– এই প্রক্রিয়া ছাড়া যদি অন্য কোনো উপায় না থাকে। তৃতীয় শর্ত হলো– একাজ করার সময় যথা সাধ্য প্রয়োজনের বেশী না বলা। চতুর্থ শর্ত হলো– শব্দ উচ্চারণের ক্ষেত্রে তাওরীয়া, তা'রীজ ও কিনায়াহ মূলক শব্দ ব্যবহার করা যাতে বক্তার উদ্দেশ্য থাকে একরকম আর শ্রোতা বুঝে অন্য রকম। পঞ্চম শর্ত হলো– জিহাদের উদ্দেশ্যে এবং মুজাহিদীনদের জন্যই কেবলমাত্র এ ধরণের বিষয়গুলো জায়েজ অন্যদের জন্য নয়। কেননা মুজাহিদীনদের জন্য এমন কিছু জায়েজ আছে যা অন্যদের জন্য জায়েজ নয়। যার বিস্তারিত দলীল-প্রমান কুরআন হাদীস ভালভাবে পড়লে জানা যাবে। ষষ্ঠ শর্ত হলো– যে এই কাজ করবে তার জন্য ইসলামের প্রতি দীর্ঘ ভালবাসা, ত্যাগ-কুরবানী, বড় বড় নেক আমল ও জিহাদ করার মতো আমল থাকতে হবে। কেননা বড় বড় নেক আমল মানুষের ছোট-খাট ত্রুটি বিচ্যুতি মিটিয়ে দেয়। পবিত্র কুরআনে আল্লাহ (সুব.) বলেছেন:

'নিশ্চয়ই ভালকাজ মন্দকাজকে মিটিয়ে দেয়।' (হুদ ১১:১১৪)
তেমনিভাবে হাতেব ইবনে আবী বালতা' এর ঘটনাটিও লক্ষণীয়। যখন মক্কা অভিযানের তথ্য ফাঁস করে মক্কার লোকদের পত্র লিখেছিলেন আর সেই পত্র ধরা পড়েছিলো তখন ওমর ইবনে খাত্তাব (রা.) বললেন,

'ইয়া রাসূলাল্লাহ! আমাকে অনুমতি দিন আমি এই মুনাফিকটির গর্দান উড়িয়ে দেই। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, তুমি কি জান না সে বদরের যুদ্ধে অংশগ্রহণ করেছিলো, আর হতে পারে আল্লাহ (সুব.) বদরে অংশগ্রহণকারীদের প্রতি উঁকি মেরে বলেছেন, তোমাদের যা ইচ্ছা তা কর! আমি তোমাদের ক্ষমা করে দিলাম।' (বুখারী ৩০০৭)

কোনো নির্দিষ্ট ব্যক্তিকে তাকফীর করার বাধ্যবাধকতা ও তার শর্তসমূহ

উপরের আলোচনা দ্বারা পরিষ্কার হয়ে গেছে যে, ঈমান ভঙ্গের কারণ কি কি এবং সেগুলো পাওয়া যাওয়া সত্বেও কি কি কারণে তাকফীর করা

যাবে না। এখন আমরা আলোচনা করবো একজন ব্যক্তিকে কি কি কারণে তাকফীর করা জরুরী। কেননা কাফেরকে কাফের হিসেবে জ্ঞান করাও ঈমানের অঙ্গ। যে ব্যক্তি স্পষ্ট ও অকাট্যভাবে প্রমাণিত ও সর্বজন স্বীকৃত কাফেরকে কাফের হিসাবে বিশ্বাস করে না মূলত সে নিজেও কাফের। তাই কি কি কারণে একজন মানুষকে কাফের হিসেবে আক্বীদা পোষণ করতে হবে তাও জেনে নেওয়া প্রতিটি মুসলিমের জন্য একান্ত জরুরী। যে সকল কারণে একজন মানুষকে তাকফীর করা জরুরী সেগুলো নিম্নে পেশ করা হলোঃ

এক :

তাকফীরে বাঁধা প্রদানকারী কারণসমূহ বিদ্যমান না থাকা।

কারো থেকে কোনো কুফুরি কথা বা কাজ প্রকাশ পেলেই তাকে তাকফীর না করে দেখতে হবে সে কুফুরী কেন করলো। যদি উপরের আলোচিত কারণগুলো থেকে কোনো কারণ পাওয়া যায় তাহলে তাকফীর করা যাবে না। এজন্য কাউকে তাকফীর করতে গেলে প্রথম শর্ত হলো উপরে উল্লেখিত বা তাকফীরে বাঁধা প্রদানকারী কারণসমূহ থেকে কোনো কারণ বিদ্যমান না থাকা।

দুই :

যথাযথ যাচাই বাছাই করে সুনিশ্চিত হওয়া।

কারো ব্যাপারে যদি জানা যায় সে কুফুরী কাজ করেছে অথবা কুফুরী কথা বলেছে সেক্ষেত্রে যাচাই বাছাই না করে তাকফীর না করা। বরং যথাযথভাবে যাচাই বাছাই না করে তাকফীর করলে সে যদি বাস্তবে কাফের না হয় তাহলে যে তাকফীর করবে সে ক্ষতিগ্রস্থ হবে। হাদীসে ইরশাদ হয়েছেঃ

‘আবু হুরাইরা (রা.) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (সা.) ইরশাদ করেছেন, যখন কোনো ব্যক্তি তার অপর ভাইকে সম্বোধন করে বলে, হে কাফের!। তাহলে দুজনের কোনো একজন অবশ্যই কাফের হবে (যাকে কাফের বলা হয়েছে সে যদি বাস্তবে কাফের হয় তাহলে তার উপরই প্রয়োগ হবে আর যদি সে বাস্তবে কাফের না হয় তাহলে যে বলেছে তার দিকে প্রত্যাবর্তন করবে)।’ (বুখারী ৬১০৩; মুসলিম ২২৫; তিরমিজি ২৬৩৭)

এ কারণেই আল্লাহ (সুব.) পবিত্র কুরআনে ইরশাদ করেছেনঃ

'হে ঈমানদারগণ, যদি কোন ফাসিক তোমাদের কাছে কোন সংবাদ নিয়ে আসে, তাহলে তোমরা তা যাচাই করে নাও। এ আশঙ্কায় যে, তোমরা অজ্ঞতাবশত কোন কওমকে আক্রমণ করে বসবে, ফলে তোমরা তোমাদের কৃতকর্মের জন্য লজ্জিত হবে।' (হুজুরাত ৪৯:৬)
এ আয়াতে যাচাই বাছাই করার সুস্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে। ধারণা বা সন্দেহের ভিত্তিতে কাউকে তাকফীর করা যাবে না। কেননা ধারণা বা সন্দেহের ব্যাপারে আল্লাহ (সুব.) পবিত্র কুরআনে ইরশাদ করেছেন:

'নিশ্চয় সত্যের বিপরীতে ধারণা কোন কার্যকারিতা রাখে না।' (ইউনুস ১০:৩৬)
পবিত্র কুরআনে আল্লাহ (সুব.) আরো ইরশাদ করেছেন:

'হে মুমিনগণ, যখন তোমরা আল্লাহর রাস্তায় বের হবে তখন যাচাই করবে এবং যে তোমাদেরকে সালাম দেবে তাকে (সন্দেহবশত) বলবে না যে, 'তুমি মুমিন নও'।' (নিসা ৪:৯৪) এ আয়াতের শানে নুযূল সম্পর্কে হাদীসে বর্ণিত হয়েছে:

'ইবনে আব্বাস (রা.) বলেন, বনি সুলাইম গোত্রের এক ব্যক্তি কিছু ছাগল নিয়ে একদল সাহাবীদের সামনে দিয়ে অতিক্রম করছিলো। সে সাহাবীদের সালাম দিলো। সাহাবারা বললো, সে আত্মরক্ষার জন্য সালাম দিয়েছেন। এরপর তারা তাকে হত্যা করে তার ছাগলগুলো নিয়ে নিলো। রাসূলুল্লাহ (সা.) এর নিকট তা পেশ করার পর নিম্নের আয়াত অবতীর্ণ হলো : 'হে মুমিনগণ, যখন তোমরা আল্লাহর রাস্তায় বের হবে তখন যাচাই করবে এবং যে তোমাদেরকে সালাম দেবে তাকে (সন্দেহ বশতঃ) বলবে না যে, 'তুমি মুমিন নও'।' (তিরমিজি ৩০৩০)
তবে মনে রাখতে হবে যে, সুস্পষ্টভাবে যদি কেউ কোনো কুফুরি বা মুনাফেকি কাজ করে এবং তা প্রমাণীত হয় তার ভিত্তিতে তাকে কাফের বা মুনাফেক বলা হয়। কিন্তু তার বিশেষ কোনো কারণ বা অবদানের কারণে বাস্তবে কাফের না হয় সেক্ষেত্রে তাকফীরকারী বা মুনাফেক বলে

আখ্যাদানকারী নিজে কাফের বা মুনাফেক হবে না। এ প্রসঙ্গে হাতেব ইবনে আবী বালতা'আর হাদীসটি লক্ষণীয়। ওমর (রা.) তাকে মুনাফিক আখ্যা দিয়ে হত্যা করার জন্য রাসূলুল্লাহ (সা.) এর কাছে অনুমতি চাইলেন তিনি বললেন, 'ইয়া রাসূলাল্লাহ! আমাকে অনুমতি দিন আমি এই মুনাফিকটির গর্দান উড়িয়ে দেই।' তখন রাসূলুল্লাহ (সা.) বললেন,

'তুমি কি জান না সে বদরের যুদ্ধে অংশগ্রহণ করেছিলো। আর হতে পারে আল্লাহ (সুব.) বদরে অংশগ্রহণকারীদের প্রতি উঁকি মেরে বলেছেন, তোমাদের যা ইচ্ছা তা কর! আমি তোমাদের ক্ষমা করে দিলাম।' (বুখারী ৩০০৭)

এতটুকু বলেই ওমর (রা.) কে সতর্ক করে দিলেন, কিন্তু তিনি ওমর কে বলেননি যে, তুমি মুনাফিক হয়ে গেছো। তোমাকে নতুন করে ইসলাম গ্রহণ করতে হবে। না! তা বলেননি। কেননা ওমর তাকে যাচাই বাছাই না করে অনুমানের ভিত্তিতে মুনাফিক বলেননি। বরং তার কাছে বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত ছিল। কিন্তু হাতেব ইবনে আবী বালতা' বদরের যুদ্ধে অংশগ্রহণ করার কারণে রক্ষা পেয়ে যায়। সুতরাং বর্তমানে যারা সুস্পষ্টভাবে কুফুরী কথা বা কাজে লিপ্ত। যেমন: আল্লাহকে অথবা আল্লাহর রাসূলকে অথবা আল্লাহর আয়াতকে তুচ্ছ-তাচ্ছিল্য করে কিংবা রাসূলুল্লাহ (সা.) কে ব্যাঙ্গ করে। এমনিভাবে যারা আল্লাহর বিধান চোরের হাত কাটা, বিবাহিত জেনা-ব্যভিচারীকে পাথড় ছুড়ে হত্যা করা, সম্পত্তি বন্টনে নারীকে অর্ধেক দেওয়া ইত্যাদি নিয়ে কটাক্ষ করে। এমনিভাবে যারা মূর্তি তৈরী করে, মূর্তির সামনে গিয়ে নিরবে দাড়িঁয়ে থাকে অথবা বিভিন্ন মূর্তির বেদীর পাদদেশে গিয়ে শপথ করে তাদেরকে যদি কোনো আলেম তাকফীর করে কিন্তু বাস্তবে তাদের কোনো বিশেষ আমল বা অবদানের কারণে আল্লাহর নিকট কাফের না হয়ে থাকে তাতেও কোনো সমস্যা নেই। এ জন্য উক্ত আলেমকে উল্টো তাকফীর করা বা খাওয়ারেজ বলা যাবে না। ওমর (রা.) কে রাসূলুল্লাহ (সা.) তাকফীরও করেননি আবার খাওয়ারেজও বলেন নি।

তিন : হুজ্জত কায়েম করা

কেউ যদি কোনো কুফুরি কথা বলে অথবা কোনো কুফুরি কাজ করে কিন্তু সে জানে না যে উক্ত কথাটি বা কাজটি কুফুরি এবং সর্বাত্মক চেষ্টা করেও তার পক্ষে জানা সম্ভব হয় নি তাহলে তার কাছে কুরআন সুন্নাহর দলীলের ভিত্তিতে প্রমাণসহ বিষয়টি উপস্থাপন করতে হবে। কেননা আল্লাহ (সুব.) বলেন:

'আর রাসূল প্রেরণ না করা পর্যন্ত আমি আযাবদাতা নই।' (ইসরা ১৭:১৫) তিনি আরও বলেন:

'আর (পাঠিয়েছি) রাসূলগণকে সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে, যাতে আল্লাহর বিপক্ষে রাসূলদের পর মানুষের জন্য কোন অজুহাত না থাকে।' (নিসা ৪:১৬৫) তবে যাদের কাছে পূর্বেই ইসলামের দাওয়াত পৌঁছে গেছে কিন্তু সে হঠকারীতা করে অথবা অলসতা করে অথবা পার্থিব কাজ-কর্মকে অগ্রাধিকার দেওয়ার কারণে ইসলামের প্রয়োজনীয় জ্ঞান অর্জণ করেনি আর সেকারণে কুফুরী কথা বা কাজে লিপ্ত রয়েছে তাকে তাকফীর করার জন্য বা হত্যা করার জন্য নতুনভাবে দাওয়াত পেশ করার কোনো প্রয়োজন নেই। আবার তাদের তওবা করার জন্য আহবান করারও কোনো প্রয়োজন নেই। কেননা অনেক ক্ষেত্রে এসবের কারণে তারা সতর্ক হয়ে যাবে এবং তাদের যথাযোগ্য শাস্তি চুকিয়ে দেওয়া সম্ভব হবে না। তাই যাদের কাছে ইসলামের বিধানগুলো স্পষ্ট হওয়ার পরেও কুফুরি কথা বা কাজে লিপ্ত হয় তাদেরকে হত্যা করার জন্য কোনো প্রকার নোটিশ, দাওয়াত অথবা তওবার আহবান করার কোনো প্রয়োজন নেই। বরং তাদের যেখানে পাওয়া যাবে সেখানে হত্যা করা যাবে। মক্কার কাফের-মুশরিদের ব্যাপারে সে হুকুমই জারী করা হয়েছিল। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

'অতঃপর যখন নিষিদ্ধ মাসগুলো অতিবাহিত হয়ে যাবে, তখন তোমরা মুশরিকদেরকে যেখানেই পাও হত্যা কর এবং তাদেরকে পাকড়াও কর, তাদেরকে অবরোধ কর এবং তাদের জন্য প্রতিটি ঘাঁটিতে বসে থাক। তবে যদি তারা তাওবা করে এবং সালাত কায়েম করে, আর যাকাত দেয়, তাহলে তাদের পথ ছেড়ে দাও। নিশ্চয় আল্লাহ বড়ই ক্ষমাশীল, পরম দয়ালু।' (তাওবা ৯:৫)

বর্তমানে মুসলিম দেশগুলোতে কুরআন ও সুন্নাহর সহীহ ইলম অর্জণ করার যথেষ্ট সুযোগ থাকা সত্ত্বেও যারা পার্থিব কাজ কর্ম ও ব্যাবসা বানিজ্য নিয়ে ব্যস্ত থাকায় দ্বীনি ইলম অর্জণ করতে অক্ষম এবং সে কারণে তারা বিভিন্ন কুফুরী কথা ও কাজে লিপ্ত হয় তাদের ব্যাপারে

বা না জানার ওজর পেশ করা যাবে না। বরং তারা সুযোগ থাকা সত্ত্বেও কেন কুরআন ও সুন্নাহর ইলম অর্জর্ণ করলো না তার জবাবদিহীতা করতে বাধ্য থাকবে।